# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬৪০

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি তার মা‘বূদের ব্যাপারে ভাল ধারণা পোষণ করবে, তিনি তার সাথে তার ধারণা অনুযায়ী আচরণ করবেন, আর যে ব্যক্তি তার ব্যাপারে মন্দ ধারণা পোষণ করবে, তিনি তার সাথে অনুরুপ আচরণ করবেন

## ذكر البيان بأن من أحسن الظن بِالْمَعْبُودِ كَانَ لَهُ عِنْدَ ظَنِّهِ وَمَنْ أَسَاءَ بِهِ الظَّنَّ كَانَ لَهُ عِنْدَ ذَلِكَ

আরবী

640 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا عَمْرُو بْنُ عُثْمَانَ قَالَ: حَدَّثَنَا أَبِي قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُهَاجِرِ عَنْ يَزِيدَ بْنِ عُبَيْدَةَ عَنْ حَيَّانَ أَبِي النَّضْرِ قَالَ:خَرَجْتُ عَائِدًا لِيَزِيدَ بْنِ الْأَسْوَدِ فَلَقِيتُ وَاثِلَةَ بْنَ الْأَسْقَعِ وَهُوَ يُرِيدُ عِيَادَتَهُ فَدَخَلْنَا عَلَيْهِ فَلَمَّا رَأَى وَاثِلَةَ بَسَطَ يَدَهُ وَجَعَلَ يُشِيرُ إِلَيْهِ فَأَقْبَلَ وَاثِلَةُ حَتَّى جَلَسَ فَأَخَذَ يَزِيدُ بكفّي وَاثِلَةَ فَجَعَلَهُمَا عَلَى وَجْهِهِ فقَالَ لَهُ وَاثِلَةُ: كَيْفَ ظَنُّكَ بِاللَّهِ؟ قَالَ: ظَنِّي بِاللَّهِ ـ وَاللَّهِ ـ حسن قال: فأبشر فَإِنِّي سمعت رسول الله صلى الله عليه وسلم: يَقُولُ: (قَالَ اللَّهُ جَلَّ وَعَلَا: أَنَا عِنْدَ ظَنِّ عَبْدِي بِي إِنْ ظَنَّ خَيْرًا وَإِنْ ظن شراً)
الراوي : وَاثِلَة بْن الْأَسْقَعِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 640 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৬৪০. হাইয়্যান আবুন নাযর থেকে বর্ণিত, তিনি বলেন, আমি ইয়াযিদ বিন আসওয়াদকে অসুস্থ অবস্থায় দেখতে যাই। অতঃপর আমি ওয়াসিলা বিন আশকা‘ এর সাথে সাক্ষাৎ করি, তিনিও তাকে দেখতে এসেছিলেন। অতঃপর আমরা তার কাছে গমন করলাম। তিনি যখন ওয়াসিলাকে দেখলেন, তখন তিনি তাঁর দিকে হাত বাড়িয়ে দিলেন এবং তাঁর দিকে ইশারা করতে লাগলেন। ফলে ওয়াসিলা তার কাছে গিয়ে বসলেন। ইয়াযিদ ওয়াসিলার হাত ধরলেন এবং হাত দুটি তার মুখের উপর রাখলেন। তখন ওয়াসিলা তাকে বললেন: “আল্লাহর ব্যাপারে আপনার ধারণা কেমন?” জবাবে তিনি বলেন: “আল্লাহর কসম! আল্লাহর ব্যাপারে আমার ধারণা ভালো।” তখন ওয়াসিলা

তাকে বললেন: “আপনি শুভ সংবাদ গ্রহণ করুন। কেননা আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেন, আল্লাহ তা‘আলা বলেছেন: “আমার ব্যাপারে আমার বান্দার ধারণা মোতাবেক আমি (আচরণ করে) থাকি, চাই সে ভালো ধারণা করুক অথবা মন্দ ধারণা করুক।”[1]

## ফুটনোট

[1] তাবারানী, আল কাবীর: ২২/২০৯।

আল্লামা শু‘আইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১৬৬৩।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ হাইয়্যান আবুন নাযর (রহ.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89142

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন